

## টমেটোর এনথ্রাকনোজ রোগ

রোগের কারণঃ *Colletotrichum cocodes* নামক ছত্রাকের আক্রমণে এ রোগ হয়ে থাকে।

### রোগের লক্ষণঃ

- শুরুতে ফলের উপর একটু দাবানো ছোট ছোট গোলাকার পানি ভেজা দাগের সৃষ্টি হয়।
- দ্রুত দাগ গুলো গাঢ় রং ধারণ করে এবং দাগ আরও একটু ভিতরের দিকে বসে যায়।
- ফলের গায়ে অসংখ্য কালো দাগ দেখা যায় এবং দাগে চক্রাকার বৃত্তের ছাপ পড়ে।
- আর্দ্র আবহাওয়ায় দাগে স্পোর জন্মে এবং পরবর্তীতে দাগের মাঝখানে ফোটা ফোটা কালো দাগে ভরে যায়।
- উষ্ণ আবহাওয়ায় ছত্রাক দাগের নীচের দিকে ছড়িয়ে পড়ে আর তার ফলে ফল পঁচে যায়।
- কাঁচা ও পাকা উভয় ফলে ছত্রাক আক্রমণ হতে পারে। কাঁচা ফলে ছত্রাক আক্রমণ হলেও ফল না পাকা পর্যন্ত ছত্রাক আক্রমণের কোন লক্ষণ দেখা যায় না।
- পাকা ফলে ছত্রাক আক্রমণের ৫-৬ দিনের মধ্যে দাগ গুলো দেখা যায়।



ছবিঃ এনথ্রাকনোজ রোগে আক্রান্ত টমেটো

### রোগের উৎপত্তিঃ

এ ছত্রাক ফসলের পরিত্যক্ত অংশে বেঁচে থাকে এবং ঐ স্থান হতে রোগের প্রাথমিক আক্রমণ শুরু হয়। ছত্রাক অক্ষত ফলের মধ্যে প্রবেশ করে এবং উষ্ণ আর্দ্র আবহাওয়ায় দ্রুত বৃদ্ধি পায়। জমিতে পানি নিষ্কাশনের সুব্যবস্থা না থাকলে এ রোগের প্রকোপ বেশী হয়।

### দমন ব্যবস্থাঃ

- সুস্থ জমি থেকে বীজ সংগ্রহ ও সুস্থ চারা রোপণ করতে হবে।
- ফলের পরিত্যক্ত অংশ পুড়িয়ে বা মাটিতে পুতে ধ্বংস করতে হবে।
- জমি হতে পানি নিষ্কাশনের সুব্যবস্থা করতে হবে।
- একই জমিতে বারবার টমেটো ফসল ও একই পরিবারের ফসল (সোলানেসি) আবাদ না করা।
- বীজ রোপণের পূর্বে প্রতি কেজি বীজের জন্য ২.৫ গ্রাম হারে কার্বেন্ডাজিম / প্রোথ্যাক্স দিয়ে বীজ শোধন করে নিতে হবে।
- জমি হতে আগাছা তুলে ফেলা বিশেষ করে সোলানেসী গোত্রের আগাছা ধ্বংস করে ফেলতে হবে।
- অ্যাজোক্সিত্রোবিন (২০%) + সাইপ্রোকোনাজোল (৮%) ১মিলিঃ প্রতি লিটার পানিতে অথবা কপার হাইড্রোক্সাইড ২গ্রাম প্রতি লিটার পানিতে মিশিয়ে স্প্রে করতে হবে।

### আরো তথ্যের জন্য:

পরিচালক, উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: [dppw@dae.gov.bd](mailto:dppw@dae.gov.bd) বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন

